

নথি নং- শুমূঅনি/শুঙ্কায়ন/AEO/০৪/২০১৮/অংশ-১/২০২১/৭০৯

তারিখ- ০৪/০৪/২০২২

অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) তালিকাভুক্তির আহ্বান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর এস.আর.ও নং-২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮, অনুযায়ী অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) হিসেবে স্বীকৃতি প্রদানের লক্ষ্যে তালিকাভুক্তির নিমিত্ত যোগ্য ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিজস্ব প্যাডে আবেদন আহ্বান করা হচ্ছে :

১.	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	জাতীয় রাজস্ব বোর্ড, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২.	দপ্তর	কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৩.	AEO নিয়োগ	অথরাইজড ইকনোমিক অপারেটর (স্বীকৃতি প্রদান) বিধিমালা, ২০১৮ (এস. আর. ও. নং ২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস)
৪.	তালিকাভুক্তি অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের যোগ্যতা	<p>আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা-</p> <p>(ক) আবেদনের পূর্বে ধারাবাহিকভাবে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর বাংলাদেশে ব্যবসা পরিচালনা করিতে হইবে;</p> <p>(খ) বিদ্যমান কাস্টমস, মূল্য সংযোজন কর ও আয়কর আইনের আওতায় সন্তোষজনক প্রতিপালন সুনাম (Satisfactory compliance record) থাকিতে হইবে;</p> <p>(গ) আবেদনকারীকে আবেদন দাখিলের পূর্ববর্তী ৩ (তিন) বৎসর প্রমাণিত অপরাধমুক্ত থাকিতে হইবে;</p> <p>(ঘ) আবেদনের সময় পর্যন্ত নিরঙ্কুশ রাজস্ব পরিশোধ করিতে হইবে; এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃক নিরঙ্কুশ বকেয়া নেই মর্মে একটি প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।</p> <p>(ঙ) আবেদনের তারিখ হইতে বিগত ৩ (তিন) বৎসর মেয়াদে আবেদনকারীর বিরুদ্ধে শুল্ক, মুসক এবং আয়কর সংক্রান্ত কোন মামলায় (আদালতে বিচারার্থীন মামলা ব্যতীত) জরিমানার পরিমাণ মোট পণ্য বা সেবা মূল্যের ১% এর অধিক হইবে না;</p> <p>(চ) আবেদনকারীর অনুমোদিত মূলধনের (Authorized Capital) পরিমাণ অন্ত্যন ১৫ (পনের) কোটি টাকা এবং পরিশোধিত মূলধনের (Paid-Up Capital) পরিমাণ অন্ত্যন ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে অথবা বার্ষিক টার্নওভারের পরিমাণ আবেদনের তারিখের পূর্ববর্তী ৩ (তিন) বৎসর অব্যাহতভাবে অন্ত্যন ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে; এবং</p> <p>(ছ) আবেদনকারী আমদানিকারক হইলে আবেদনের তারিখের পূর্ববর্তী ৩ (তিন) বৎসর সময়ে গড়ে বার্ষিক আমদানির পরিমাণ অন্ত্যন ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে এবং রপ্তানিকারক হইলে একই সময়ের গড় বার্ষিক রপ্তানির পরিমাণ ৫ (পাঁচ) কোটি টাকা হইতে হইবে।</p>
৫.	অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) এর প্রাপ্য সুবিধা	<p>(ক) কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের পরিবর্তে অথরাইজড ইকনোমিক অপারেটরের (AEO) নিজস্ব অঙ্গিনায় (Premise) আমদানিকৃত পণ্য কায়িক পরীক্ষণের (Physical Examination) সুযোগ;</p> <p>(খ) পণ্য সরাসরি খালাস বা, ক্ষেত্রমত, জাহাজীকরণের সুযোগ;</p> <p>(গ) কাস্টমস কর্মকর্তার সম্মুখে গঠিত বিশেষ টিমের নিকট হইতে দ্রুত সেবা গ্রহণ;</p> <p>(ঘ) পণ্য চালানা বন্দরে আসিবার পূর্বেই বিল অব এন্ট্রি অথবা বিল অব এক্সপোর্ট দাখিলসহ শুঙ্কায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্নকরণের সুযোগ;</p> <p>(ঙ) প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ দলিলাদি উপস্থাপনের মাধ্যমে শুঙ্কায়ন সম্পন্ন;</p> <p>(চ) কাস্টমস কর্তৃপক্ষের সহিত সকল যোগাযোগ ই-মেইল অথবা অন্যবিধ ইলেক্ট্রনিক মাধ্যমে দ্রুত সম্পন্নের সুযোগ;</p> <p>(ছ) যে কোন কাস্টমস স্টেশনে সহজে প্রবেশ ও কার্যক্রম পরিচালনার জন্য অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) কর্তৃক মনোনীত প্রতিনিধিকে বিশেষ পরিচয়পত্র প্রদান;</p> <p>(জ) স্বল্পতম সময়ে প্রত্যাৰ্পণ প্রদানের ব্যবস্থা;</p> <p>(ঝ) বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) অথবা অন্য কোন মাধ্যমে চলমান মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;</p> <p>(ঞ) অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) এর নাম ও ঠিকানা কাস্টমস ওয়েবসাইটে প্রকাশ।</p>
৬.	আবেদনপত্র ও বিধিমালা প্রাপ্তির স্থান	কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা'র ওয়েব সাইট www.customsvaluation.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক প্রযোজ্য বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় সংযুক্তিসহ ০২ (দুই) সেট আবেদন পত্র ০২/০৬/২০২২ তারিখের মধ্যে সরাসরি কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা'র নিকট দাখিল করতে হবে।
৭.	বিশেষ নির্দেশিকা	যাচাই-বাছাইকৃত আবেদনকারীদের তালিকা কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা'র ওয়েব সাইটে প্রকাশ করা হইবে।

আবেদনপত্রের সাথে সংযুক্ত দলিলাদি সমূহ:

- এই বিধিমালার সহিত সংযুক্ত পরিশিষ্ট অনুযায়ী Self- Assessment Questionnaire (SAQ) এর উত্তর সম্বলিত কপি;
- SAQ তে প্রদত্ত তথ্যের স্বপক্ষে সকল প্রকার দলিলাদির প্রত্যায়িত কপি।
- হালনাগাদ ট্রেডলাইসেন্স, আয়কর সনদ (e-TIN), আই আর সি, ই আর সি এবং ভ্যাট নিবন্ধন সনদের ১৩ ডিজিটের (BIN)
- আবেদন পত্রে স্বাক্ষরকারী প্রতিনিধি/কর্মকর্তার পাসপোর্ট সাইজের ছবি ০৬ (ছয়) কপি, জাতীয় পরিচয় পত্র (NID) এর কপি এবং সংশ্লিষ্ট আবেদনকারী প্রতিষ্ঠান যথাযথ কর্তৃপক্ষের ৩০০/- টাকার জুডিশিয়াল স্ট্যাম্প অথরাইজেশন লেটার দাখিল করতে হবে।
- কোম্পানীর আর্টিকেল অব মেমোরান্ডাম, জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন ও প্রতিষ্ঠানের লে আউট প্লান ইত্যাদি দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করিতে হইবে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অসম্পূর্ণ যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।


(মোহাম্মদ এনামুল হক)
কমিশনার

ফোন : ০২-৪১০৩২০৬১

Email: cusvaldhk@gmail.com